



তারিখ: ১৫ ডিসেম্বর, ২০২৫

স্মারক নং: ববি/রেজি/অবি/২০২৫/২১৯

অফিস বিজ্ঞপ্তি

স্প্রিং-২০২৬ সেমিস্টারে চলমান শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন এবং সেমিস্টার ফি প্রদান

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, স্প্রিং-২০২৬ সেমিস্টারে চলমান শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন এবং সেমিস্টার ফি প্রদানের সময়সীমা নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে:

চলমান শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশনের সময়সীমা: ১২ জানুয়ারি, ২০২৬ হতে ২৬ জানুয়ারি, ২০২৬ তারিখ পর্যন্ত সকল সেমিস্টারের শিক্ষার্থী Student Panel থেকে রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন করতে পারবে। যে সকল শিক্ষার্থীর সেমিস্টার ড্রপ/সেমিস্টার ফি বকেয়া আছে তাদেরকে ২৬ জানুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে প্রোগ্রাম অফিসে যোগাযোগ করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশনের জন্য উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হলে রেজিস্ট্রেশন করার কোন সুযোগ থাকবে না।

- পে-স্লিপ সংগ্রহ ও সেমিস্টার ফি প্রদান: ২৮ জানুয়ারি, ২০২৬ তারিখ থেকে স্টুডেন্ট প্যানেলে পে-স্লিপ পাওয়া যাবে এবং ব্যাংক (এনসিসি/মার্কেটাইল/মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের যেকোন শাখায়) অথবা মোবাইল ব্যাংকিং (বিকাশ/রকেট) অথবা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সেমিস্টার ফি প্রদান করা যাবে।
- জরিমানা ব্যতীত ১ম কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: ০৫ ফেব্রুয়ারি, ২০২৬
- জরিমানা ব্যতীত ২য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: ০৫ এপ্রিল, ২০২৬
- জরিমানা ব্যতীত ৩য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: ০৩ জুন, ২০২৬

বিলম্ব ফি (প্রতিদিন ৫০ টাকা): ০৫ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখের পরে ১ম কিস্তির টাকা; ০৫ এপ্রিল, ২০২৬ তারিখের পরে ২য় কিস্তির টাকা এবং ০৩ জুন, ২০২৬ তারিখের পরে ৩য় কিস্তির টাকা জমা দিলে বিলম্ব ফি হিসেবে প্রতি কর্মদিবসের জন্য ৫০ টাকা জরিমানা প্রযোজ্য হবে।

ক্রাস শুরু: ১২ জানুয়ারি, ২০২৬ তারিখ (সোমবার)

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

লে. কর্ণেল মোহাম্মদ খালেদ বিন ইউসুফ (অবঃ)

রেজিস্ট্রার

সদয় অবগতির জন্য:

১. মাননীয় উপাচার্য, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. মাননীয় নির্বাহী পরিচালক, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

৩. সকল বিভাগ: বিভাগীয় প্রধান, কো-অর্ডিনেটর, শিক্ষক, প্রোগ্রাম অফিস, নোটিশ বোর্ড, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৪. সকল অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৫. অফিস কপি